গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০২.২৩-৯৯৪ তারিখ : ০৬মার্চ, ২০২৪ খ্রি.

# বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০২৩-২৪ অর্থবছরের উপবৃত্তি প্রদানের নিমিত্ত নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট প্রসঙ্গে।**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত চার বছর মেয়াদী ডিপ্লোমা (৩য়, ৫ম ও ৭ম পর্ব), এইচএসসি (ভোকেশনাল)-একাদশ ও দ্বাদশ শ্রেণি, এসএসসি (ভোকেশনাল)/দাখিল(ভোকেশনাল) - নবম ও দশম শ্রেণি শিক্ষাক্রম পরিচালনাকারী সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এবং প্রি-ভোকেশনাল (৬ষ্ঠ - ৮ম শ্রেণি) শিক্ষাক্রম পরিচালনাকারী সকল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান কার্যক্রমের ধারাবাহিকতায় নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

## নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট শিডিউলঃ

| ক্রমিক নং | কার্যক্রম গ্রহনের তারিখ | কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ০৭/০৩/২০২৪ খ্রি. হতে ১৩/০৩/২০২৪ খ্রি. | প্রতিষ্ঠান পর্যায়ে শ্রেণি/পর্ব ভিত্তিক ছাত্র শিক্ষার্থী, ছাত্রী শিক্ষার্থী, মোট শিক্ষার্থী, সকল বিষয়ে উত্তীর্ণ ছাত্র, সকল বিষয়ে উত্তীর্ণ ছাত্রী এবং উপবৃত্তিপ্রাপ্তির উপযোগী শিক্ষার্থীর, সক্রিয় বা নিষ্ক্রিয় করা শিক্ষার্থীর সংখ্যা উল্লেখপূর্বক শিক্ষার্থী তালিকা প্রস্তুতকরণ। | কারিগরি উপবৃত্তি নীতিমালা-২০২০ মোতাবেক তালিকা প্রস্তুত করতে হবে। |
| ০২ | ১৪/০৩/২০২৪ খ্রি. হতে ১৬/০৩/২০২৪ খ্রি. | শ্রেণি/পর্ব ভিত্তিক ছাত্র শিক্ষার্থী, ছাত্রী শিক্ষার্থী, মোট শিক্ষার্থী, সকল বিষয়ে উত্তীর্ণ ছাত্র, সকল বিষয়ে উত্তীর্ণ ছাত্রী এবং উপবৃত্তিপ্রাপ্তির উপযোগী শিক্ষার্থীর, সক্রিয় বা নিষ্ক্রিয় করা শিক্ষার্থীর সংখ্যা উল্লেখপূর্বক প্রতিষ্ঠান পর্যায়ে বাছাই কমিটি কর্তৃক রেজুলেশন তৈরিকরণ ও সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে ই- মেইল প্রেরণ। | কারিগরি উপবৃত্তি ম্যানুয়াল-২০২০ মোতাবেক বাছাই কমিটি গঠণ করতে হবে। |
| ০৩ | ১৮/০৩/২০২৪ খ্রি. হতে ০৭/০৪/২০২৪ খ্রি. | নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট সম্পন্ন করণ | DTE Stipend MIS এর মাধ্যমে নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট সম্পন্ন করতে হবে। |
| ০৪ | ০৮/০৪/২০২৪ খ্রি. হতে ১৮/০৪/২০২৪ খ্রি. | প্রতিষ্ঠান থেকে DTE Stipend MIS এর মাধ্যমে প্রাপ্ত তথ্য আঞ্চলিক পরিচালকের কার্যালয় হতে যাচাই বাছাইপূর্বক রেজুলেশনসহ মহাপরিচালক বরাবর প্রেরণ। | |

## অনুসরণযোগ্য নির্দেশনাসমূহঃ

| ক্রমিক নং | পর্ব/শ্রেণি | যে মেয়াদের জন্য ডাটা এন্ট্রি করতে হবে | নির্দেশনা |
|---|---|---|---|
| ০১ | প্রি-ভোকেশনাল ৬ষ্ঠ শ্রেণি | জানুয়ারি-জুন, ২০২৪ | (ক) পূর্ববর্তী শ্রেণির ফলাফল এবং হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে। (খ) নতুন ভর্তিকৃত শিক্ষার্থী বর্তমান মেয়াদে যদি উপবৃত্তি প্রাপ্তিরযোগ্য হয় তবে এমন শিক্ষার্থীদের তথ্য MIS-এ নতুন করে এন্ট্রি করতে হবে; (গ) পূর্বে এন্ট্রিকৃত তথ্যের জন্য ৬ষ্ঠ ও ৭ম শ্রেণি হতে যথাক্রমে ৭ম ও ৮ম শ্রেণিতে আপডেট করতে হবে; (ঘ) যদি MIS-এ শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে কিন্তু পূর্ববর্তী পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু চলমান পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচিত হবে এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে; (ঙ) বিগত জুলাই-ডিসেম্বর, ২০২৩ মেয়াদে যাদের অত্র শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়েছিলো কিন্তু জানুয়ারি-জুন, ২০২৪ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে। (চ) ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ৯ম শ্রেণির জন্য ভর্তির সন ২০২৪, ১০ম শ্রেণির জন্য ভর্তির সন ২০২৩ নির্বাচন করতে হবে। |
| ০২ | প্রি-ভোকেশনাল ৭ম শ্রেণি | জানুয়ারি-জুন, ২০২৪ | |
| ০৩ | প্রি-ভোকেশনাল ৮ম শ্রেণি | জানুয়ারি-জুন, ২০২৪ | |
| ০৪ | এসএসসি (ভোকেশনাল) /দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণি | জানুয়ারি-জুন, ২০২৪ | |
| ০৫ | এসএসসি (ভোকেশনাল) /দাখিল (ভোকেশনাল) দশম শ্রেণি | জানুয়ারি-জুন, ২০২৪ | |
| ০৬ | এইচএসসি (ভোকেশনাল) একাদশ শ্রেণি | জানুয়ারি-জুন, ২০২৪ | (ক) এসএসসি'র ফলাফল এবং হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে; (খ) যদি MIS-এ শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে কিন্তু পূর্ববর্তী পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু চলমান পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচিত হবে এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে; (গ) বিগত জুলাই-ডিসেম্বর, ২০২৩ মেয়াদে যাদের অত্র শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়েছিলো কিন্তু জানুয়ারি-জুন,২০২৪ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে। (ঘ) যদি MIS-এ শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি না হয়ে থাকে কিন্তু জানুয়ারি-জুন, ২০২৪ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে এমন শিক্ষার্থীদের তথ্য MIS-এ নতুন করে এন্ট্রি করতে হবে। |
| ০৭ | এইচএসসি (ভোকেশনাল) দ্বাদশ শ্রেণি | জুলাই-ডিসেম্বর,২০২৩ ও জানুয়ারি-জুন, ২০২৪ | (ক) একাদশ'র ফলাফলের ভিত্তিতে এবং হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে; (খ) একাদশ শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণিতে আপডেট করতে হবে; (গ) একাদশ থেকে দ্বাদশে উত্তীর্ণ বা অনুত্তীর্ণ শিক্ষার্থী যারা উপবৃত্তীর জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status-এ ঢুকে একাদশ হিসেবেই নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে। (ঘ) যদি MIS-এ শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি না হয়ে থাকে কিন্তু উল্লিখিত মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে এমন শিক্ষার্থীদের তথ্য MIS-এ নতুন করে এন্ট্রি করতে হবে। |
| ০৮ | ডিপ্লোমা ৩য় পর্ব (২০২২-২৩ শিক্ষাবর্ষ) | জুলাই-ডিসেম্বর, ২০২৩ | (ক) পূর্ববর্তী পর্বের ফলাফল এবং হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে; (খ) জুলাই-ডিসেম্বর, ২০২৩ মেয়াদে প্রথমবারের মতো উপবৃত্তি প্রাপ্তিরযোগ্য শিক্ষার্থীদের তথ্য MIS-এ নতুন করে এন্ট্রি করতে হবে; (গ) পূর্বে এন্ট্রিকৃত তথ্যের জন্য ডিপ্লোমা ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ পর্ব থেকে যথাক্রমে ডিপ্লোমা ৩য়, ৫ম ও ৭ম পর্বে আপডেট করতে হবে; |
| ০৯ | ডিপ্লোমা ৫ম পর্ব (২০২১-২২ শিক্ষাবর্ষ) | জুলাই-ডিসেম্বর, ২০২৩ | |

| ক্রমিক নং | পর্ব/শ্রেণি | যে মেয়াদের জন্য ডাটা এন্ট্রি করতে হবে | নির্দেশনা |
|---|---|---|---|
| ১০ | ডিপ্লোমা ৭ম পর্ব (২০২০-২১ শিক্ষাবর্ষ) | জুলাই-ডিসেম্বর, ২০২৩ | (ঘ) যদি MIS-এ শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে কিন্তু পূর্ববর্তী পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি অথচ চলমান পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচিত হবে এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে;<br>(ঙ) বিগত জানুয়ারি- জুন,২০২৩ মেয়াদে যাদের উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়েছিলো কিন্তু জুলাই- ডিসেম্বর, ২০২৩ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে। |

২। <u>বিজ্ঞপ্তিটি ভালোভাবে পড়ে উল্লিখিত নির্দেশনাগুলো অনুসরণ করতে হবে। ডাটা এন্ট্রি সংক্রান্ত ভুলভ্রান্তির জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।</u>

৩। <u>প্রতিষ্ঠানের কনফিগারেশনের শিক্ষার্থীর পরিসংখ্যান অংশে ঢুকে আবশ্যিকভাবে শিক্ষার্থী সংখ্যা আপডেট করতে হবে, পরবর্তীতে কোনো প্রকার অসংগতি পাওয়া গেলে ঐ সকল প্রতিষ্ঠানের শিক্ষার্থী উপবৃত্তি প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হতে পারে।</u>

৪। উল্লেখ্য,

(ক) নতুন এন্ট্রিকৃত এ সকল ডাটা RDO অফিসে DTE Stipend MIS-এর মাধ্যমে প্রেরণ করতে হবে;

(খ) একই শিক্ষার্থীর একাধিক ডাটা এন্ট্রি হয়ে থাকলে শুধুমাত্র একটি ডাটাই প্রেরণ করতে হবে। কোন ক্রমেই ডুপ্লিকেট ডাটা প্রেরণ করা যাবে না;

(গ) সকল ক্ষেত্রে উপবৃত্তি প্রাপ্তির শর্ত প্রতিপালন করতে হবে;

(ঘ) এই মেয়াদে যারা উপবৃত্তির জন্য বিবেচিত হবে তাদের আবেদন ফর্ম (SAF) পূরণ করতে হবে এবং পূর্বে যারা আবেদন ফর্ম (SAF) পূরণ করেছিলো তাদের আবেদন ফর্মসহ সকল ফর্ম শিক্ষার্থী ও অধ্যক্ষ নতুন করে তারিখসহ স্বাক্ষর করবেন। উপবৃত্তির জন্য নির্বাচিত তালিকা বাছাই কমিটি কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হবে;

৫। শিক্ষার্থীদের ব্যাংক/ মোবাইল অ্যাকাউন্ট নাম্বার প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণীয়:

(ক) অ্যাকাউন্টধারীর জাতীয় পরিচয়পত্রের নামের সাথে অ্যাকাউন্টের নামের মিল থাকতে হবে;

(খ) একই অ্যাকাউন্ট নম্বর একাধিক ব্যক্তির সামাজিক নিরাপত্তা বেষ্টনীর অর্থ প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে না;

(গ) মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস গেটওয়ে কর্তৃক অ্যাকাউন্ট নম্বর ব্লক আছে কিনা তা যাচাইপূর্বক সচল করার জন্য শিক্ষার্থীদের অনুপ্রাণিত করতে হবে এবং

(ঘ) যে সময়ে EFT-এর মাধ্যমে অ্যাকাউন্ট-এ অর্থ বিতরণ করা হবে ঐ সময়ে অ্যাকাউন্ট-এ কোন সমস্যা যাতে না থাকে তা নিশ্চিত করতে শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে সচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।

৬। বিভাগীয় আঞ্চলিক কার্যালয়ের প্রতি বিশেষ নির্দেশনা:

ক) শিক্ষা প্রতিষ্ঠান হতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কারিকুলাম সংশ্লিষ্ট শিক্ষার্থী তথ্য প্রেরণ করা হয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে। কারিকুলাম বহির্ভূত শিক্ষার্থীদের তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে DTE Stipend MIS ফেরত পাঠিয়ে সে বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের Configuration-এ শিক্ষার্থী তথ্য অংশের মাধ্যমে এ বিষয়ে নিশ্চিত হওয়া যাবে;

খ) শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রেরিত শিক্ষার্থী সংখ্যার সাথে Configuration-এ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যার সামঞ্জস্যতা যাচাই করতে হবে। অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে শিক্ষার্থীদের তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে DTE Stipend MIS ফেরত পাঠিয়ে সে বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করতে হবে এবং

গ) "কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা নীতিমালা-২০২০" এর ম্যানুয়াল'র অনুচ্ছেদ ১৮ এ উল্লেখিত 'আঞ্চলিক কমিটি' কর্তৃক গৃহীত রেজুলেশনের একটি অনুলিপি আবশ্যিকভাবে stipend.dte@gmail.com এ প্রেরণ করতে হবে।

৭। প্রতিষ্ঠান কর্তৃক https://dte.finance.gov.bd লিংকে প্রবেশ করে ইউজার আইডি ও পাসওয়ার্ড এর মাধ্যমে উল্লিখিত শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি/ আপডেট শিডিউল মোতাবেক নির্ভুলভাবে সম্পন্ন করতে হবে।

৮। প্রতিষ্ঠানের MIS সংক্রান্ত User ID ও Password কারোর সাথে শেয়ার করা যাবে না। এর ব্যত্যয় ঘটলে প্রতিষ্ঠান প্রধান ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৯। প্রতিষ্ঠান থেকে প্রেরিত তথ্য আঞ্চলিক পরিচালকের কার্যালয় কর্তৃক যাচাই-বাছাই করে শিডিউল মোতাবেক DTE Stipend MIS-এর মাধ্যমে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮/১১/২০২৩

(মোহাম্মদ ফয়সাল মুফতী)
পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ণ/পিআইইউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। পরিচালক (পিআইডব্লিউ/ভোকেশনাল/ পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশাসন/ পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭;
২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
৩। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/বরিশাল/খুলনা/ময়মনসিংহ/সিলেট/রংপুর (উল্লিখিত নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের ডাটা এন্ট্রি কার্যক্রম মনিটরিং করার অনুরোধ সহ);
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
৫। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য);
৬। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭। অধ্যক্ষ (সকল), পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (তাঁর মনিটরিংয়ের অধীন সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতঃ আগামী ০৩/১২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে মনিটরিং রিপোর্ট প্রেরণ করার অনুরোধ সহ);
৮। অধ্যক্ষ (সকল), টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ (তাঁর মনিটরিংয়ের অধীন সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতঃ আগামী ০৩/১২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে মনিটরিং রিপোর্ট প্রেরণ করার অনুরোধ সহ);
৯। সিস্টেম অ্যানালিষ্ট,বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১০। অধ্যক্ষ (সকল), বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট;
১১। প্রধান শিক্ষক/সুপারিনটেন্ডেন্ট (সকল), বেসরকারি সংযুক্ত/স্বতন্ত্র ভোকেশনাল স্কুল;
১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর। (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১৩। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);
১৪। সংশ্লিষ্ট নথি।